



General Certificate of Education
Advanced Level Examination
June 2013

Bengali

BENG2

Unit 2 Reading and Writing

Insert

Text to be used when answering Section 1

Section 3 Writing Questions 3, 4, 5 and 6

A

Text for use with Section 1

পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি

একটা সময় ছিলো যখন শীতকালে বরফে-ঢাকা টেমস নদীর উপর ছেলেমেয়েরা খেলা করতো। এমন কি, পঁচিশ বছর আগেও লন্ডনে কখনো কখনো দিনের পর দিন তাপমাত্রা ০ (শূন্য) ডিগ্রির নিচে থাকতো। কিন্তু এখন বরফ সামান্যই পড়ে। কোনো কোনো বছর আদৌ তুষার-পাত হয় না। বিশ শতকে সবচেয়ে উষ্ণ যে দশটি বছর ছিলো, তার মধ্যে সাতটিই ছিলো ১৯৯০-এর দশকে। বিজ্ঞানীরা ধারণা করছেন যে, শুধু লন্ডনেই নয়, পৃথিবীর অন্যান্য অঞ্চলেও তাপমাত্রা ক্রমশ বাড়ছে।

উত্তর ও দক্ষিণ মেরুতেই বরফের সবচেয়ে পুরু আস্তরণ রয়েছে। বরফের এই ঢাকনা কোনো কোনো জায়গায় এক মাইলের চেয়েও বেশি পুরু। তাপমাত্রা বৃদ্ধি পাওয়ায় সেই মোটা আস্তরণ গলে যাচ্ছে। সেখান থেকে বিশাল আকারের বরফের টুকরো ভেঙে সমুদ্রের জলে মিশে যাচ্ছে। তার ফলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাচ্ছে। যে হারে তাপমাত্রা বাড়ছে, তাতে বিজ্ঞানীরা আশঙ্কা করছেন যে, ২০৫০ সালের মধ্যে বাতাসের উত্তাপ দু-তিন ডিগ্রি বেড়ে যাবে; আর সমুদ্রে জলের উচ্চতা বাড়বে প্রায় এক মিটার।

এর ফলে যেসব অঞ্চল সমুদ্রপৃষ্ঠের চেয়ে অল্প উঁচু, সেসব অঞ্চল সাগরের পানিতে ডুবে যাবে। যেমন, বাংলাদেশের তিন ভাগের এক ভাগ সমুদ্রপৃষ্ঠের চেয়ে মাত্র এক মিটার উঁচু। তাই বাংলাদেশের বিরাট অঞ্চল জলে ডুবে যাবে। একই রকম, বহু দ্বীপ-রাষ্ট্রও ডুবে যাবে পানির তলায়। এ রকম হলে কোটি কোটি লোক গৃহহীন হবে। আবার অনেক এলাকা প্রবল খরার মুখোমুখি হবে। উত্তাপ বৃদ্ধির এই বিপদ পারমাণবিক বোমার চেয়েও বেশি ভয়ের। কারণ বোমা ব্যবহার করা অথবা না-করা মানুষের হাতে। অপর পক্ষে, তাপমাত্রা বৃদ্ধির ফলে যে বিপদ ঘটবে, তা অবশ্যম্ভাবী – মানুষ ঠেকাতে পারবে না।

কিন্তু তাপমাত্রা বাড়ছে কেন? বিজ্ঞানীরা বলছেন, মানুষ বিদ্যুৎ তৈরি করার এবং গাড়ি চালানোর জন্যে প্রতিনিয়ত যে বিপুল পরিমাণ কয়লা এবং পেট্রোল পোড়াচ্ছে, তার ফলে বাতাসে অতিরিক্ত মাত্রায় কার্বন ডায়ক্সাইড বৃদ্ধি পাচ্ছে। এই কার্বন ডায়ক্সাইড পৃথিবীর বায়ুমণ্ডলের উপরে গিয়ে একটা পুরু স্তর তৈরি করেছে। এর দরুন পৃথিবীর উত্তাপ মহাকাশে ঠিকমতো ছাড়া পাচ্ছে না এবং প্রতিদিন তাপমাত্রা বেড়ে যাচ্ছে। এর নাম গ্রীনহাউস এফেক্ট।

এই মস্ত সমস্যার কি কোনো সমাধান নেই? বিজ্ঞানী এবং রাজনীতিকরা এ নিয়ে গুরুত্বের সঙ্গে চিন্তা-ভাবনা করছেন। কিভাবে কার্বন ডায়ক্সাইডের পরিমাণ কমানো যায়, তা নিয়ে তাঁদের আলাপ-আলোচনা চলছে। একটা সমাধান হলো: কয়লা এবং পেট্রলের মতো জ্বালানীর ব্যবহার কমিয়ে সূর্যের আলো, সমুদ্রের তরঙ্গ, বাতাস, হাইড্রোজেন ইত্যাদি প্রাকৃতিক উপাদান ব্যবহার করে বিকল্প পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন করা।

Section 3

নিচের যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি উত্তর অন্তত ২০০ শব্দে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের জন্যে ৩০ মার্ক। দুটি প্রশ্নের জন্যে মোট ৬০ মার্ক।

Literary Topics

(সাহিত্য-বিষয়ক প্রশ্ন)

Topic 1

বাংলা উপন্যাস ও গল্প

Bengali Fiction

EITHER

- 3 (a) তোমার পড়া দুটি ছোটগল্পের তুলনা করো। কোনটির কাহিনী তোমার কাছে অন্যটির তুলনায় ভালো লাগে? এ নিয়ে আলোচনা করো। একটি গল্পকে তোমার বেশি ভালো লাগার কারণ যুক্তি দিয়ে বুঝিয়ে লেখো। (30 marks)

OR

- 3 (b) তোমার পড়া একটি উপন্যাসের সবচেয়ে প্রধান চরিত্রটি নিয়ে আলোচনা করো এবং তার সঙ্গে এই উপন্যাসের অন্য চরিত্রগুলোর সম্পর্ক কেমন, তা বিশ্লেষণ করো। প্রসঙ্গত, উল্লেখ করো: এই চরিত্রটিকে তুমি এই উপন্যাসের প্রধান চরিত্র বলে বিবেচনা করো কেন? (30 marks)

Topic 2

বাংলা কবিতা ও নাটক

Bengali Poetry and Drama

EITHER

- 4 (a) তোমার পড়া দুটি কবিতার বিষয়বস্তু এবং ভাব বিশ্লেষণ করে তাদের তুলনা করো। কবিতা দুটির মধ্যে কোনটি তোমার বেশি ভালো লাগে? কেন ভালো লাগে সে সম্পর্কে তোমার নিজের মতামত দাও। (30 marks)

OR

- 4 (b) তোমার পড়া একটি নাটকের কাহিনী সংক্ষেপে বর্ণনা করো। এই নাটকের সবচেয়ে আকর্ষণীয় চরিত্র কোনটি। এই চরিত্রটির পরিচয় দিয়ে তার বৈশিষ্ট্য বিশ্লেষণ করো। চরিত্রটি তোমার চোখে কেন ভালো লাগে – যুক্তি দিয়ে লেখো। (30 marks)

Turn over ►

Non-literary Topics
(সাহিত্য নয়, এমন বিষয়ক প্রসঙ্গ)

Topic 1

বাংলাদেশের উদ্ভব ও ব্রিটেনে বাঙালি

The Emergence of Bangladesh and Bengalis in Britain

EITHER

- 5 (a)** বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার আন্দোলন কেন শুরু হয়েছিলো এবং এর ফলাফলই বা কী? এ নিয়ে সংক্ষিপ্ত একটি প্রবন্ধ রচনা করো। প্রসঙ্গত এই আন্দোলন কিভাবে পূর্ব বাংলার লোকদের আত্মপরিচয়কে প্রভাবিত করেছিলো, সে বিষয়ে তোমার মন্তব্য দাও। (30 marks)

OR

- 5 (b)** ব্রিটেনে বসবাসকারী বাঙালিরা নানা রকমের সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করেন। এসব সাংস্কৃতিক কর্মের পরিচয় দিয়ে একটি প্রবন্ধ রচনা করো। তুমি বিশেষ করে কোন সাংস্কৃতিক কর্মকাণ্ডটি পছন্দ করো এবং কেন করো? (30 marks)

Topic 2

বাংলা সিনেমা ও গান

Bengali Cinema and Music

EITHER

- 6 (a)** তোমার দেখা একটি বাংলা সিনেমার কাহিনী বর্ণনা করে এই চলচ্চিত্রের নায়ক ও নায়িকার চরিত্রের মধ্যে তুলনা করো। এই সিনেমায় কার অভিনয় তোমার সবচেয়ে ভালো লেগেছিলো? যুক্তি দিয়ে তোমার মতামত দাও। (30 marks)

OR

- 6 (b)** বাংলা গানের অনেকগুলো শাখা আছে। এসব শাখার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে যে ধারাটি তোমার কাছে সবচেয়ে আকর্ষণীয় মনে হয় সেই ধারা নিয়ে আলোচনা করো। এই ধরনের গান তোমার বেশি ভালো লাগার কারণ কী? (30 marks)

END OF QUESTIONS